গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা

সেপ্টেম্বর/২০২১ খ্রিস্টাব্দ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	এ. বি. এম. আরশাদ হোসেন মহাপরিচালক
সভার তারিখ	০৯/০৯/২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	সোমবার, সকাল ১১:০০ ঘটিকা।
স্থান	অনলাইন জুম (Zoom Cloud Meetings) সফটওয়্যার
উপস্থিতি	আইসিটি অধিদপ্তরের সকল কর্মকর্তা

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমেই করোনা ভাইরাস (কোভিড-১৯) মোকাবেলায় সরকারের স্বাস্থ্যবিধি ও বিভিন্ন শর্তাবলী মেনে সুষ্ঠুভাবে অফিস পরিচালনা বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়া তিনি সময়ানুবর্তিতার উপর জোর দেন এবং প্রত্যেককে সঠিক সময়ে অফিসে উপস্থিত হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর উপ-পরিচালক (প্রশাসন) সহকারী প্রোগ্রামার জনাব তানভীর আহমেদ-কে সমন্বয় সভার নির্ধারিত আলোচনা শুরু করার নির্দেশ দেন। নির্দেশনা মোতাবেক সহকারী প্রোগ্রামার বিগত সভার কার্যবিবরণী পড়ে শুনান এবং কার্যবিবরণীটি সকলের সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে সহকারী প্রোগ্রামার জনাব তানভীর আহমেদ সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। সর্বশেষ সমন্বয় সভার কার্যবিবরণী এবং অগ্রগতি প্রতিবেদন সম্বলিত কার্যপত্র পর্যালোচনান্তে গত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি, অধিশাখা/শাখা, প্রকল্প অনুযায়ী পর্যালোচনা এবং আলোচ্যসূচি অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

৩। প্রশাসন ও সেবা শাখা

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত

<table>
<tr>
<td>৩.১</td>
<td>করোনাকালীন (কোভিড- ১৯ ভাইরাস) অফিস ব্যবস্থা</td>
<td>
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরেরপ্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীরএখন পর্যন্ত সর্বমোট করোনা ভাইরাস (কোভিড-১৯)আক্রান্তের নিম্নরূপ সারসংক্ষেপ উপস্থাপন করা হয়ঃ

<table>
<tr><td>মোট আক্রান্ত</td><td>:</td><td>৯১</td></tr>
<tr><td>মোট সুস্থ</td><td>:</td><td>৮৭</td></tr>
<tr><td>মোট অসুস্থ</td><td>:</td><td>০৪</td></tr>
<tr><td>মোট মৃত্যু</td><td>:</td><td>০</td></tr>
<tr><td>চলতি মাসে আক্রান্ত</td><td>:</td><td>০২</td></tr>
</table>

* চলতি মাসে অত্র অধিদপ্তরের উপজেলা কার্যালয়, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়ার সহকারী প্রোগ্রামার জনাব মুহাম্মাদ আবদুল্লাহ এবং প্রধান কার্যালয়ের কম্পিউটার অপারেটর মিজ জান্নাতুল ফেরদাউস আক্রান্ত হয়েছেন। বর্তমানে তারা আইসোলেশনে আছেন।

i) প্রতি মাসের সমন্বয় সভায় করোনাভাইরাস (কোভিড-১৯) আক্রান্তের সারসংক্ষেপ উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়।

ii) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীর ভ্যাকসিনেশন নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়।

iii) সভাপতি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের করোনাভাইরাস (কোভিড-১৯) দুর্যোগ পরিস্থিতি মোকাবিলার (কেহ যদি করোনাভাইরাস (কোভিড-১৯) আক্রান্ত হন, তাহলে তাঁর খোঁজ নেয়া, প্রয়োজনীয় সহযোগিতা ও সাপোর্ট দেয়া ইত্যাদি) নিমিত্ত নিম্নবর্ণিতভাবে গঠিত টীম/কমিটিকে দায়িত্বপালনের নির্দেশ দেন:
<table>
<tr><th>ক্রম</th><th>কর্মকর্তার নাম ও পদবি</th><th>দায়িত্ব প্রাপ্ত বিভাগ</th></tr>
<tr><td>১।</td><td>উপ-পরিচালক (প্রশাসন) - আহবায়ক</td><td></td></tr>
<tr><td>২।</td><td>জনাব মুহাম্মদ এরশাদ হোসাইন, সহকারী পরিচালক</td><td>চট্গ্রাম বিভাগ</td></tr>
<tr><td>৩।</td><td>জনাব ইসমেত ফারজানা, সহকারী পরিচালক</td><td>ময়মনসিংহ বিভাগ</td></tr>
<tr><td>৪।</td><td>জনাব ইয়াসমিন আক্তার, স কারী প্রোগ্রামার</td><td>রংপুর বিভাগ</td></tr>
<tr><td>৫।</td><td>জনাব বি.এম. বেলাল হোসেন, সহকারী প্রোগ্রামার</td><td>সিলেট বিভাগ</td></tr>
<tr><td>৬।</td><td>জনাব তাসনোভা চৌধুরী, সহকারী প্রোগ্রামার</td><td>ঢাকা বিভাগ</td></tr>
<tr><td>৭।</td><td>জনাব মোঃ আমিনুল হক শুভ, সহকারী প্রোগ্রামার</td><td>রাজশাহ বিভাগ</td></tr>
<tr><td>৮।</td><td>জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার</td><td>খুলনা বিভাগ</td></tr>
<tr><td>৯।</td><td>জনাব আনজুম রিয়াসাত, সহকারী প্রোগ্রামার</td><td>বরিশাল বিভাগ</td></tr>
</table>

iv) সভাপতি জেলা/উপজেলা পর্যায়ে করোনা ভাইরাস (কোভিড-১৯) এ আক্রান্ত কর্মকর্তা/কর্মচারীর তথ্য সংশ্লিষ্ট জেলার প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (অতি: দায়িত্ব)-কে অত্র অধিদপ্তরের গঠিত করোনা সহায়তা টিমের সাথে সমন্বয় করে প্রধান কার্যালয়ে প্রেরণের নির্দেশনা প্রদান করেন।
</td>
<td>
i) প্রতি মাসের সমন্বয় সভায় করোনা ভাইরাস (কোভিড-১৯) আক্রান্তের সারসংক্ষেপ উপস্থাপন করতে হবে।
ii) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীর ভ্যাকসিনেশন নিশ্চিত করতে হবে।

দায়িত্ব:
১। উপ-পরিচালক (প্রশাসন)
২। জনাব মোঃ আশিক আকবর, ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার

iii) জেলা/উপজেলা পর্যায়ে করোনা ভাইরাস (কোভিড-১৯) এ আক্রান্ত কর্মকর্তা/কর্মচারীর তথ্য সংশ্লিষ্ট জেলার প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার (অতি: দায়িত্ব) অত্র অধিদপ্তরের গঠিত করোনা সহায়তা টিমের সাথে সমন্বয় করে প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন মর্মে নির্দেশনা প্রদানপূর্বক পত্র প্রেরণ করতে হবে।
</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>৩.২</td>
<td>ডাক/পত্রাদি</td>
<td colspan="2">
আগস্ট/২০২১ খ্রিস্টাব্দ মাসের ই-নথির রিপোর্ট
<table>
<tr><td colspan="8">তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ই-নথি কার্যক্রমের রিপোর্ট (০১-৩১ আগস্ট, ২০২১)</td></tr>
<tr><td rowspan="2">শাখা</td><td rowspan="2">নথির সংখ্যা</td><td colspan="4">মোট নথি নিষ্পত্তিকৃত</td><td rowspan="2">মোট পত্রজারি</td></tr>
<tr><td>ডাক সৃজত নোটে নিষ্পত্তি</td><td>নোটে নিষ্পত্তি</td><td>পত্রজারিতে নিষ্পন্ন নোট</td><td>মোট</td></tr>
<tr><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে</td><td>৬</td><td>২৪</td><td>১২৩</td><td>১১১</td><td>২৫৮</td><td>২২৫</td></tr>
</table>
* ই-নথি সিস্টেমের জরুরি মানোন্নয়ন কার্যক্রম চলছে বিধায় অফিস ভিত্তিক ড্যাশবোর্ড রিপোর্ট সাময়িকভাবে বন্ধ আছে। তাই পূর্নাঙ্গ প্রতিবেদন পাওয়া যায় নি।
* অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের ই-নথিতে পেন্ডিং ডাক ও নথির বিস্তারিত তথ্য (সংযুক্ত পতাকা-'ক') সভায় উপস্থাপন করা হয় এবং সকলকে নিজ নিজ পেন্ডিংসমূহ দ্রুত নিষ্পন্নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।
আলোচনা ও সিদ্ধান্তঃ
১। সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর আলোকে পত্রাদি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে।
২। অধিদপ্তরের আওতাধীন প্রকল্পসমূহ এবং প্রতিটি শাখা নির্ধারিত ছক মোতাবেক পত্র প্রাপ্তি, পত্র জারি, অনিষ্পন্ন পত্রের সংখ্যা এবং অনিষ্পন্ন পত্র থাকলে প্রতিটি অনিষ্পন্ন পত্রের কারণসহ তার বিবরণ ইত্যাদি উল্লেখপূর্বক প্রতিবেদন আকারে মাস শেষে পরবর্তী মাসের ০১ তারিখের মধ্যে প্রশাসন শাখায় হার্ড কপি ও সফটকপি মিজ শারমিন সুলতানা, উচ্চমান সহকারী বরাবর প্রেরণ করবেন।
দায়িত্বঃ
১। উপ-পরিচালক (প্রশাসন)
২। শাখা-অধিশাখা প্রধানগণ
৩। মিজ শারমিন সুলতানা, উচ্চমান সহকারী, প্রশাসন শাখা
</td>
</tr>
<tr>
<td>৩.৩</td>
<td>প্রতিবেদন/ রিপোর্ট</td>
<td>i) বিভিন্ন মাসিক প্রতিবেদন/রিপোর্টপ্রতি মাসের ০৩ তারিখের মধ্যে, এছাড়া জাতীয় সংসদ সংশ্লিষ্ট চাহিত প্রশ্নোত্তর সমূহ এবংআইসিটি বিভাগের চাহিদা মোতাবেক বিভিন্ন তথ্যাদি প্রেরণের নিমিত্ত আবশ্যিকভাবে নির্দিষ্ট সময়ের পূর্বে নথিতে উপস্থাপন এবংসর্বোচ্চ সতর্কতার সহিত নির্ভুলভাবে প্রেরণ করতে হবে মর্মে নির্দেশ প্রদান করেন।
ii) নিয়মিতভাবে প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে মর্মে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সভায় জানান।</td>
<td>বিভিন্ন মাসিক প্রতিবেদন/রিপোর্ট প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে, এছাড়া জাতীয় সংসদ সংশ্লিষ্ট চাহিত প্রশ্নোত্তর সমূহ এবং আইসিটি বিভাগের চাহিদা মোতাবেক বিভিন্ন তথ্যাদি প্রেরণের নিমিত্ত আবশ্যিকভাবে নির্দিষ্ট সময়ের পূর্বে নথিতে উপস্থাপন এবং সর্বোচ্চ সতর্কতার সহিত নির্ভুলভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।

দায়িত্ব:
১।শাখা-অধিশাখা প্রধানগণ
২। জনাব তাসনোভা চৌধুরী, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা</td>
</tr>
</table>

৩.৪ শাখা-অধিশাখা পরিদর্শন

শাখা-অধিশাখা পরিদর্শন রিপোর্ট

ক্রম.	কর্মকর্তার নাম ও পদবি	আগস্ট/২১ মাসে পরিদর্শনকৃত শাখা	সর্বশেষ পরিদর্শন	মন্তব্য
১।	জনাব মোঃ রেজাউল মাকছুদ জাহেদী (যুগ্মসচিব) অতিরিক্ত মহাপরিচালক	-	০৯/০৬/২০২১ অর্থ শাখা	
২।	জনাব মোহাম্মদ আবুল হাশেম (উপসচিব) পরিচালক (অর্থ ও প্রশাসন)	-	-	
৩।	ড. ভেনিসা রড্রিক্স (উপসচিব) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)	১৯/০৮/২০২১ পরিকল্পনা ও উন্নয়ন শাখা	-	প্রতিবেদন পাওয়া গিয়েছে
৪।	জনাব মোঃ ফিরোজ সরকার (সিনিয়র সহকারী সচিব) উপ-পরিচালক (অর্থ) ও প্রশাসন (অতিরিক্ত দায়িত্ব)	-	১৫/০৬/২০২১ প্রশাসন শাখা	
৫।	জনাব মোহাঃ মাসুম বিল্লাহ সিস্টেমস ম্যানেজার	-	২০/০৬/২০২১ সিস্টেম ও প্রশিক্ষণ শাখা	

আলোচনা ও সিদ্ধান্তঃ

i) সিস্টেমস ম্যানেজার এবং উপ-পরিচালকগণ প্রতি ০৩ মাসে তাঁর অধীনস্থ শাখাসমূহ; পরিচালকগণ প্রতি ০৩ মাসে তাঁর অধীনস্থ ন্যূনতম ০২ টি শাখা এবং অতিরিক্ত মহাপরিচালক প্রতি ০৩ মাসেন্যূনতম ০২ টি শাখা-অধিশাখা একবার করে পরিদর্শন করবেন মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

ii) পরিদর্শন গাইডলাইন অনুযায়ী শাখা-অধিশাখা পরিদর্শন করে পরবর্তী মাসের ০১ তারিখের মধ্যে প্রতিবেদনপ্রশাসন শাখায় হার্ড কপি (মিজ শারমিন সুলতানা, উচ্চমান সহকারী) ও সফটকপি (ই-মেইলঃdoict.reports@gmail.com)প্রেরণ করবেন।

দায়িত্বঃ

১। শাখা/অধিশাখা প্রধানগণ

২। জনাব তাসনোভা চৌধুরী, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা।

৩।মিজ শারমিন সুলতানা, উচ্চমান সহকারী, প্রশাসন শাখা

৩.৫ জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকান্ড পর্যবেক্ষণ ও পরিদর্শন

আগস্ট/২০২১ খ্রিস্টাব্দ মাসের জেলা ও উপজেলা কার্যালয় পরিদর্শন রিপোর্ট

ক্রমঃ	কর্মকর্তার নাম ও পদবি	সংখ্যা	পরিদর্শনকৃত জেলা/ উপজেলারনাম	পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম	প্রতিবেদনের সংখ্যা
১।	জনাব এ. বি. এম. আরশাদ হোসেন মহাপরিচালক (অতিরিক্ত সচিব)	২	সিলেট ও সুনামগঞ্জ	১। সফির উদ্দিন স্কুল ও কলেজ এছাড়া মহাপরিচালক মহোদয় সুনামগঞ্জ জেলায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "Digitalization of Island, Beel and Haor area (DIBH)" শীর্ষক প্রকল্প পরিদর্শন করেন।	২
২।	জনাব মোঃ রেজাউল মাকছুদ জাহেদী (যুগ্মসচিব) অতিরিক্ত মহাপরিচালক	২	পূর্বধলা, নেত্রকোনা	১। ডাঃ মোহাম্মদ আলী উচ্চ বিদ্যালয় ২। পূর্বধলা গালর্স স্কুল	২
৩।	জনাবমোহাম্মদ আবুল হাশেম (উপসচিব) পরিচালক (অর্থ ও প্রশাসন)	-	-	-	-

৪।	ড. ভেনিসা রড্রিক্স (উপসচিব) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)	-	-	-	
৫।	জনাব মোঃ ফিরোজ সরকার (সিনিয়র সহকারী সচিব) উপ-পরিচালক (অর্থ) ও প্রশাসন (অতিরিক্ত দায়িত্ব)	-	-	-	
৬।	জনাব মোহাঃ মাসুম বিল্লাহ সিস্টেমস ম্যানেজার	-	-	-	-

আলোচনা ও সিদ্ধান্তঃ

i) মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক, পরিচালক (সকল), সিস্টেমস্ ম্যানেজার, উপ-পরিচালক (সকল), প্রকল্প পরিচালক (সকল), প্রকল্প উপ-পরিচালক ও সহকারী প্রকল্প পরিচালকগণ প্রত্যেকে প্রতি মাসে দু'টি করে ফিল্ড ভিজিট করবেন এবং প্রধান কার্যালয়ের অন্যান্য কর্মকর্তাগণ উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক পরিদর্শন করবেন। প্রধান কার্যালয়/ প্রকল্প দপ্তর হতে পরিদর্শনে গমনের পূর্বে প্রত্যেক কর্মকর্তা মহাপরিচালক মহোদয়কে অবগত করবেন।

ii) জেলা কার্যালয়ের প্রোগ্রামারগণ বা অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত বা সংযুক্তে কর্মরত সহকারী প্রোগ্রামারগণ প্রতিমাসে ন্যূনতম ০২ (দুই) টি উপজেলা কার্যালয় ও ০৩ (তিন) টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করবেন এবং উপজেলায় কর্মরত সহকারী প্রোগ্রামারগণ প্রতিমাসে নিজ উপজেলাতে স্থাপিত ন্যূনতম ০৩ (তিন) টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করবেন ও কমপক্ষে ০১ (দুই) টি ডিজিটাল সমাবেশ আয়োজন করবেন।

iii) পরিদর্শনকালে পরিদর্শন গাইডলাইন/ছক অনুসরণ করতে হবে এবং পরিদর্শন পরবর্তী তিন (০৩) দিনের মধ্যে আবশ্যিকভাবে সুপারিশ ও মতামতসহ প্রতিবেদন (ই-মেইলঃ doict.visitreport@gmail.com) প্রশাসন শাখায় প্রেরণ নিশ্চিত করবেন। মিজ শারমিন সুলতানা, উচ্চমান সহকারী (প্রশাসন শাখা) সকল পরিদর্শন প্রতিবেদন গ্রহণ ও সংরক্ষণপূর্বক তালিকাভুক্তি করবেন ।

দায়িত্ব:

১। সকল কর্মকর্তা (প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়)।
২। প্রকল্প/কর্মসূচি পরিচালক (সকল)।
৩। উপ-পরিচালক (প্রশাসন)।
৪। জনাব তাসনোভা চৌধুরী, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা।
৫। মোঃ মোজাহেদুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা।
৬।মিজ শারমিন সুলতানা, উচ্চমান সহকারী, প্রশাসন শাখা।

৩.৬	জাতীয় সংসদ বিষয়ক ও জেলা/উপজেলা আইসিটি কমিটি	i) সকল জেলা/উপজেলায় গঠিত আইসিটি কমিটির নিয়মিত সভার নোটিশ, প্রতিবেদন ও কার্যবিবরণী সংশ্লিষ্ট মাননীয় সদস্যগণকে প্রেরণ নিশ্চিত করতে এবং সকল কার্যবিবরণী প্রধান কার্যালয়ে সংরক্ষণ করতে সভাপতি নির্দেশনা দেন। ii) তিনটি মডিউল (১। রিপোটিং সিস্টেম, ২। মাঠ পর্যায়ের কার্যালয়ে সরকারী দপ্তরে কারিগরি সেবা প্রদান এবং ৩। পরিদর্শন) সংক্রান্ত একটি সমন্বিত সফটওয়্যারের নিমিত্ত প্রাথমিকভাবে প্রস্তুতকৃত ToR টি বিশদভাবে পর্যালোচনার জন্য কারিগরি কমিটির নিকট প্রেরণ করা হয়েছে এবং কমিটির নিকট হতে দ্রুত পরামর্শ গ্রহণের জন্য জনাব মোঃ আলমাছ হোসেন, ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ)-কে দায়িত্ব প্রদানের বিষয়ে আলোচনা হয়। **গঠিত কমিটি:** ১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ..... আহ্বায়ক ২। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ)..... সদস্য ৩। নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (পরিকল্পনা ও উন্নয়ন) ..... সদস্য ৪। সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা....সদস্য সচিব	i) সকল জেলা/উপজেলায় গঠিত আইসিটি কমিটির নিয়মিত সভার নোটিশ, প্রতিবেদন ও কার্যবিবরণী সংশ্লিষ্ট মাননীয় সদস্যগণকে প্রেরণ নিশ্চিত করতে হবে এবং সকল কার্যবিবরণী প্রধান কার্যালয়ে সংরক্ষণ করতে হবে। ii) তিনটি মডিউল (১। রিপোটিং সিস্টেম, ২। মাঠ পর্যায়ের কার্যালয়ে সরকারী দপ্তরে কারিগরি সেবা প্রদান এবং ৩। পরিদর্শন) সংক্রান্ত সমন্বিত সফটওয়্যার প্রস্তুতকরণের ToR টি টেকনিক্যাল কমিটির পরামর্শ গ্রহণপূর্বক দ্রুত সম্পন্ন করতে হবে। **দায়িত্ব:** ১। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ) ২। নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (পরিকল্পনা ও উন্নয়ন) ৩। সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা ৪। জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা।

<table>
<tr>
<td rowspan="2">৩.৭</td>
<td rowspan="2">অধিদপ্তরের বিভিন্ন পদে নিয়োগ ও জনবল</td>
<td>এ অধিদপ্তরের বিভিন্ন পদে নিয়োগ ও জনবল সংক্রান্ত নিম্নবর্ণিত আলোচনা হয়ঃ
i) বিপিএসসি-এর মাধ্যমে নিম্নোক্ত নিয়োগ কার্যক্রম চলমানঃ
<table>
<tr><th>পদে নাম</th><th>পদ সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>প্রোগ্রামার(গ্রেড ৬)</td><td>২০টি</td><td>বিপিএসসি কর্তৃক গত ৩০/৬/২০২১ তারিখে অনলাইনে রেজিস্ট্রেশনকারী প্রার্থীদের আবেদনসহ প্রয়োজনীয় কাগজপত্রদি জমাদান সম্পন্ন হয়েছে।</td></tr>
<tr><td>মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার</td><td>১ টি</td><td>আইসিটি বিভাগকতৃক পুলিশ ভেরিফিকেশন কার্যক্রম চলমান।</td></tr>
<tr><td>সহকারী প্রোগ্রামার</td><td>৫৯+৩০=৮৯টি</td><td>বিপিএসসি কর্তৃক গত ২৪.০২.২০২১ তারিখে লিখিত পরীক্ষা সম্পন্ন হয়েছে।</td></tr>
<tr><td>সহকারী নেটওয়ার্াক ইঞ্জিনিয়ার</td><td>৬৫টি</td><td>প্রার্থীদের সার্টিফিকেট যাচাই-বাচাই ও শারীরিক পরীক্ষার কার্যক্রম ইতোমধ্যে বিভাগ কর্তৃক সম্পন্ন হয়েছে। এছাড়া পুলিশ ভেরিফিকেশনের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে।</td></tr>
<tr><td>হিসাবরক্ষণ কর্মকর্তা</td><td>১ টি</td><td>বিপিএসসির কর্তৃক ৩৮তম বিসিএস অপেক্ষমান তালিকা হতে প্রার্থী সুপারিশ করা হবে মর্মে জানানো হয়েছে।</td></tr>
<tr><td>ডাটা এন্ট্রি/কন্ট্রোল সুপারভাইজার</td><td>১ টি</td><td>আইসিটি বিভাগকতৃক পুলিশ ভেরিফিকেশন কার্যক্রম চলমান।</td></tr>
</table>
ii) সভাপতি নিয়োগ সংক্রান্ত কাজের অগ্রগতির জন্য বিপিএসসির এর সাথে নিয়মিত যোগাযোগ রাখার নির্দেশনা প্রদান করেন।</td>
<td>i) অধিদপ্তরের ১ম ও ২য় শ্রেণীর নিয়োগ সংক্রান্ত কাজের অগ্রগতির জন্য বিপিএসসির ও আইসিটি বিভাগের এর সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

দায়িত্ব:
১। উপ-পরিচালক (অর্থ ও প্রশাসন)
২। জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন
৩।জনাব মোঃ আশিক আকবর, ডাটা এন্ট্রি / কন্ট্রোল সুপারভাইজার।</td>
</tr>
<tr>
<td>iii) সভাপতি নিয়োগ সংক্রান্ত বিষয়ে গঠিত বিভাগীয় নির্বাচন কমিটিকে দ্রুত সভা আয়োজন করার নির্দেশনা প্রদান করেন।

iv) প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক-২ এর সভাপতিত্বে গত ০২/১২/২০২০ তারিখের শূন্যপদ পূরণ বিষয়ে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরনী ইতোমধ্যে সকলকে প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীর নির্দেশনার আলোকে দ্রুত শূন্যপদ পূরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td>
<td>iii) নিয়োগ সংক্রান্ত বিষয়েগঠিত বিভাগীয় নির্বাচন কমিটিকে দ্রুত সভা আয়োজনকরতে হবে।
iv) প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক-২ এর সভাপতিত্বে গত ০২/১২/২০২০ তারিখের শূন্যপদ পূরণ বিষয়ে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণীর নির্দেশনার আলোকে দ্রুত শূন্যপদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

দায়িত্ব:
১। উপ-পরিচালক (প্রশাসন)
২। সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার।</td>
</tr>
</table>

৩.৮	মামলা পরিচালনা	সভায় এ অধিদপ্তর সংশ্লিষ্ট মামলার বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা হয়ঃ i) সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার পদের নিয়োগ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। প্রার্থীদের সার্টিফিকেট যাচাই-বাচাই ও শারীরিক পরীক্ষার কার্যক্রম ইতোমধ্যে বিভাগ কর্তৃক সম্পন্ন হয়েছে। এছাড়া পুলিশ ভেরিফিকেশনের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। ii) অত্র অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার (অপসারণকৃত) জনাব রফিককুল ইসলামের মামলাটি (AT-161/2019) ইতোমধ্যে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল বিভাগ থেকে সুপ্রীম কোর্টের আপীল বিভাগে শুনানীয়ন্তে আবেদনটি খারিজ করে দেয়। পরবর্তীতে মহাপরিচালক মহোদয়ের নির্দেশনায় ইতোমধ্যে Review (রিভিউ) শুনানীর জন্য আবেদন করা হয়েছে। বিষয়টি আইসিটি বিভাগকে পত্রের মারফতে অবহিত করা হয়েছে। রিভিউ শুনানীর জন্য অপেক্ষমান। iii) আইসিটি বিভাগ টেকনিশিয়ানদের দায়েরকৃত ৫টি রীটের মধ্যে এখনো অনিষ্পন্ন ২টি রীট ১৮০৩৬/২০১৭ এবং ৫১৮১/২০১৮ নিষ্পন্ন না হওয়া পর্যন্ত নিয়োগ কার্যক্রম স্থগিত রাখার জন্য নির্দেশনা প্রদান করেছে। পরবর্তীতে মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে অনিষ্পন্ন রীট ২টির বিষয়ে Affidavit দাখিলসহ দ্রুত শুনানীর জন্য ইতোমধ্যে আবেদন করা হয়েছে। কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।	i) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। **দায়িত্ব:** ১। উপ-পরিচালক (প্রশাসন) - তদারককারী ২। সহকারী পরিচালক (সেবা) - ফোকাল পয়েন্ট
৩.৯	GRP মডিউল ব্যবস্থাপনা (স্টোর/ইভেন্টরি, অ্যাসেট ম্যানেজমেন্ট/মিটিং ম্যানেজমেন্ট এবং প্রকিউরমেন্ট মডিউল)	আইসিটি অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের GRP মডিউলসমূহ ব্যবহারের জন্য ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রদান করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। **গঠিত টিমঃ** ১। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ ২। সহকারী পরিচালক (সেবা) ৩। জনাব আনজুম রিয়াসত, সহকারী প্রোগ্রামার	আইসিটি অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারীগণের GRP মডিউলসমূহ ব্যবহার নিশ্চিত করতে হবে। **দায়িত্বঃ** ১। গঠিত টিম।
		GRP স্টোর মডিউলের সাথে এ অধিদপ্তরের ইনোভেশন কার্যক্রমের মাধ্যমে পূর্বে প্রস্তুতকৃত স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যারে মাঠ পর্যায়ের সকল অফিস কার্যক্রম সংযুক্ত করার নিমিত্ত পূর্বের ভেন্ডরের সাথে বিস্তারিত আলোচনা হয়। তবে যেহেতু GRP স্টোর মডিউল বাস্তবায়নাধীন সেহেতু মাঠ পর্যায়ে নিজস্ব স্টোর ব্যবস্থাপনা যুক্তিযুক্ত হবে না মর্মে সভায় আলোচনা হয়।	GRP স্টোর মডিউল বাস্তবায়নাধীন থাকায় সরকারী অর্থের অবচয়রোধে অত্র অধিদপ্তরের স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যারে মাঠ পর্যায়ের সকল অফিস কার্যক্রম সংযুক্ত করার সিদ্ধান্ত আপতত স্থগিত করা যেতে পারে। **দায়িত্বঃ** ১। উপ-পরিচালক (অর্থ/ প্রশাসন) ২। গঠিত টিম। ৩। সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার।

৩.১০	ই-ফাইলিং কার্যক্রম	i) সভাপতি আইসিটি অধিদপ্তর ও প্রকল্পের শত ভাগ কার্যক্রম ই-নথির মাধ্যমে করতে নির্দেশনা প্রদান করেন। ii) অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীদের ০৯/০৮/২০২১ তারিখে ই-নথিতে পেন্ডিং ডাক ও নথির তথ্য (**সংযুক্ত পতাকা-'ক'**) সভায় উপস্থাপন করা হয় এবং সকলকে নিজ নিজ পেন্ডিংসমূহ দ্রুত নিষ্পন্নের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	i) ই-নথি সিস্টেমে যেন আইসিটি অধিদপ্তর পিছিয়ে না পড়ে সেজন্য সকলকে নথিতে কার্যক্রম পরিচালনা করতে হবে। ii) অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীর পূর্ববর্তী ০১ মাসের ই-ফাইলিং-এ লগ ইন, পেন্ডিংসহ বিস্তারিত প্রতিবেদন ই-নথির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করবেন। **দায়িত্বঃ** ১। উপ-পরিচালক (প্রশাসন) ২। জনাব রেজওয়ানা সুলতানা, সহকারী প্রোগ্রামার
	নথি বিনষ্টকরণ সংক্রান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান সকল শাখায় চিঠি প্রেরণ করা হয়েছে। প্রতি তিন মাস অন্তর নির্ধারিত সময়ে প্রতিটি শাখা-অধিশাখা নির্ধারিত সময়ের পূর্বে স্ব স্ব শাখার বিনষ্টযোগ্য নথির তালিকা প্রস্তুতপূর্বক প্রশাসন শাখায় প্রেরণ করার জন্য বলা হয়েছে। অতিরিক্ত মহাপরিচালক জোর ভাষায় বিনষ্টযোগ্য নথিসমূহ বিধি অনুযায়ী গঠিত কমিটি কর্তৃক সঠিকভাবে বিনষ্টপূর্বক বিনষ্টকরণের প্রমাণক (ছবি) নির্ধারিত সময়ে দ্রুততার সহিত আইসিটি বিভাগে প্রেরণের জন্য বলেন।	i) NIS কর্মপরিকল্পনার বাস্তবায়ন এবং মাসিক সমন্বয়য় সভার সিদ্ধান্ত অনুযায়ী নিয়মিত বিনষ্টযোগ্য নথি নির্বাচন ও বিনষ্টকরণ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রতিটি শাখা-অধিশাখা নির্ধারিত সময়ের পূর্বে স্ব স্ব শাখার বিনষ্টযোগ্য নথির তালিকা প্রস্তুতপূর্বক প্রশাসন শাখায় প্রেরণ করবে। ii) আইসিটি অধিদপ্তরের বিনষ্টযোগ্য নথিসমূহ বিনষ্টকরণের প্রমানকসমুহ দ্রুত আইসিটি বিভাগে প্রেরণ করতে হবে। **দায়িত্বঃ** ১। উপ-পরিচালক (অর্থ/ প্রশাসন) ২। শাখা-অধিশাখা প্রধানগণ ৩।

<table>
<tr>
<td>৩.১১</td>
<td>ই-ফাইলিং প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম</td>
<td>ই-ফাইলিংপ্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রমের নিম্নোক্ত অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়ঃ
<table>
<tr><th colspan="6">2020-2021 (For E-nothi & D-Nothi Training)</th></tr>
<tr><th>Office</th><th>Target (Batch)</th><th>Completion (tch)</th><th>Completion (Numbe</th><th>ersion</th><th>Comment</th></tr>
<tr><td>Head Quater</td><td>50</td><td>25</td><td>625</td><td>D-Nothi</td><td>raining Close</td></tr>
<tr><td>District+Upazila Office</td><td>348</td><td>194</td><td>4850</td><td>D-Nothi</td><td>Training on going</td></tr>
<tr><td>District+Upazila Office</td><td>605</td><td>448</td><td>13440</td><td>E-Nothi</td><td>Training on going</td></tr>
<tr><td colspan="3">Total</td><td>18915</td><td></td><td>Till 31/08/2021</td></tr>
</table>
</td>
<td>i) আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়েরই-নথি/ডি-নথি প্রশিক্ষণ দ্রুত সম্পন্নের নিমিত্ত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।
ii) জেলা উপজেলা পর্যায়ে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন/মনিটরিং করার জন্য টীম গঠনপূর্বক দায়িত্ব প্রদান করাযেতে পারে।

দায়িত্বঃ
১। উপ-পরিচালক (প্রশাসন)/ উপ-পরিচালক (অর্থ)
২।জনাববি.এম. বেলাল হোসেন, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা।
৩। জনাব রেজওয়ানা সুলতানা, সহকারী প্রোগ্রামার</td>
</tr>
<tr>
<td>৩.১২</td>
<td>আইসিটি অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের কার্যপরিধি নির্ধারণ এবং ক্ষমতা বণ্টন</td>
<td>এ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের কার্যপরিধি ও ক্ষমতা বণ্টনের নিমিত্ত মাঠ পর্যায়ে ‘প্রোগ্রামার’ এবং ‘সহকারী প্রোগ্রামার’ পদের প্রস্তুতকৃত প্রাথমিক খসড়া কার্যাবলির উপর মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে আগামী ১৬/০৯/২০২১ খ্রি. তারিখ সকাল ১১ টায় সভা করার বিষয়ে সভায় আলোচনা হয়।

<u>গঠিত কমিটি</u>
১) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) -আহ্বায়ক
২) জনাব মোঃ ওয়াদুদুর রহমান, প্রোগ্রামার -সদস্য
৩) সহকারী পরিচালক (প্রশাসন) -সদস্য
৪) সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার-সদস্য
৫) সৈয়দ সালমান বিন কাদের, সহকারী প্রোগ্রামার -সদস্য
৬) জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার - সদস্য
৭) উপ-পরিচালক (প্রশাসন)-সদস্য সচিব</td>
<td>এ অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের কার্যপরিধি ও ক্ষমতা বণ্টনের নিমিত্ত মাঠ পর্যায়ে ‘প্রোগ্রামার’ এবং ‘সহকারী প্রোগ্রামার’ পদের প্রস্তুতকৃত প্রাথমিক খসড়া কার্যাবলির উপর মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে ও সংক্রান্ত গঠিত কমিটির সদস্যদের আগামী ১৬/০৯/২০২১ খ্রি. তারিখ সকাল ১১ টায় সভা আয়োজন করতে হবে।

দায়িত্বঃ
১। গঠিত কমিটি।
২। জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার</td>
</tr>
</table>

৩.১৩	প্রশিক্ষণ (অভ্যন্তরীণ ও বাহির)	BPATC কর্তৃক অত্র অধিদপ্তরের জন্য এখন পর্যন্ত ১০তম ব্যাচের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। আগামী ১২/০৯/২০২১ খ্রি. তারিখ হতে কোভিড-১৯ পরিস্থিতির কথা বিবেচনায় অনলাইনে ১১তম এবং ১২তম ব্যাচের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজিত হবে এবং BPATC সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে মর্মে সভায় আলোচনা হয়। **গঠিত কমিটি:** ১) পরিচালক (অর্থ ও প্রশাসন) -আহ্বায়ক ২) উপ-পরিচালক (প্রশাসন) -সদস্য ৩) জনাব মোঃ ওয়াদুদুর রহমান, প্রোগ্রামার -সদস্য ৪) সহকারী পরিচালক (প্রশাসন) -সদস্য ৫) সহকারী পরিচালক (অর্থ) -সদস্য ৬) উপ-পরিচালক (অর্থ)-সদস্য সচিব	i) অত্র অধিদপ্তরের কর্মকর্তাদের পরবর্তী ব্যাচসমূহের বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজনের নিমিত্ত BPATC সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। **দায়িত্বঃ** ১। গঠিত কমিটি

৪। অর্থ শাখা

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
৪.১	অডিট আপত্তি	সভায় এ অধিদপ্তরের অডিট আপত্তি বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা হয়ঃ i) ২০১৯-২০ অর্থ বছরের অডিট ২৫/০১/২০২১ তারিখে শেষ হয়েছে। অডিট ইনস্পেকশন রিপোর্ট (AIR) পাওয়া গিয়েছে। আইসিটি অদিদপ্তরের ৫টি আপত্তি পাওয়া গিয়েছে। এছাড়াও অত্র অধিদপ্তরের ৩টি আপত্তি একই ধরণের হওয়ায় আইসিটি বিভাগের অনুচ্ছেদের সাথে একিভূত করা হয়েছে। ছিটমহল কর্মসূচির ২টি, প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্পের ৫টি ও সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা শিক্ষা ল্যাব স্থাপন প্রকল্পের ১টি সহ মোট ১৩টি আপত্তি পাওয়া যায়। আইসিটি অধিদপ্তর, ছিটমহল কর্মসূচি ও সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা শিক্ষা ল্যাব স্থাপন প্রকল্পের আপত্তির ব্রডশীট জবাব প্রস্তুত করা হয়েছে। দ্রুত আইসিটি বিভাগের মাধ্যমে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হবে। প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্পের ব্রডশীট জবাব প্রকল্প পরিচালক কর্তৃক এখনও পাওয়া যায়নি। ii) অত্র অধিদপ্তরের প্রকল্পসহ ২০১৮-১৯ অর্থ বছর পর্যন্ত মোট আপত্তি ৪৬টি। এর মধ্যে অধিদপ্তরের অডিট আপত্তি ২২টি যার ১৭টি আপত্তি নিষ্পন্ন হয়েছে এবং অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে ৫টি ছিল। জবাব প্রেরণ করা হয়েছে। iii) ২০১৮-১৯ অর্থ বছরের ৭টি আপত্তির জবাব প্রস্তুতপূর্বক প্রেরণ করা হয়েছে। iv) প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্পের ০৯টি আপত্তি রয়েছে। এর মধ্যে ২টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। v) সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা শিক্ষা ল্যাব স্থাপন প্রকল্পের মোট ১৫টি আপত্তির মধ্যে ১০টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। vi) আইসিটি বিভাগ অনিষ্পন্ন অগ্রিম আপত্তিসমূহ নিষ্পন্নের জন্য ত্রিপক্ষীয় সভার আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে। আইসিটি অধিদপ্তরের অগ্রিম আপত্তিসমূহ ত্রিপক্ষীয় সভায় উপস্থানের জন্য কার্যপত্র প্রস্তুত করা হচ্ছে।	অত্র অধিদপ্তরের অডিট আপত্তিসমূহ নিষ্পন্নের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং অডিট অফিসের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। ii) আইসিটি অধিদপ্তরের অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পন্নের নিমিত্ত ত্রিপক্ষীয় সভায় উপস্থানের জন্য কার্যপত্র প্রস্তুতপূর্বক দ্রুত বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। দায়িত্বঃ ১। উপ-পরিচালক (অর্থ)। ২। জনাব এস, এম, আইনুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, অর্থ শাখা।

৪.২	বাজেট বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ক সভা	পরিচালক (অর্থ ও প্রশাসন) মহোদয় অর্থ শাখার কর্মকর্তা/কর্মচারীগণকে নিয়ে সভা করেছেন এবং তার নির্দেশনায় বাজেট বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন হচ্ছে মর্মে সভায় আলোচনা হয়।	প্রতিমাসে বাজেট বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ক সভা আয়োজনকরত সভার অগ্রগতি প্রতিবেদন মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে। **দায়িত্বঃ** ১। উপ-পরিচালক (অর্থ) ২। জনাব এস, এম, আইনুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, অর্থ শাখা।
৪.৩	বাজেট বাস্তবায়ন, ব্যয় ও অগ্রগতি	২০২১-২২ অর্থ বছরের বাজেটের ১ম কোয়াটার চলমান। ১ম কোয়াটার সমাপ্তির পর আইসিটি বিভাগে বাজেট ব্যয় প্রতিবেদন প্রেরণ করা হবে। ইতোমধ্যে জেলা উপজেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতা ও অফিস নির্বাহের নিমিত্ত বাজেট বরাদ্দ প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়।	i) অধিদপ্তরের ২০২০-২১ অর্থ বছরের বাজেট বাস্তবায়ন সন্তোষজনক হয়েছে এবং এ ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। **দায়িত্বঃ** ১। উপ-পরিচালক (অর্থ) ২। সহকারী পরিচালক (অর্থ)। ৩। জনাব এস, এম, আইনুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, অর্থ শাখা।

৫। পরিকল্পনা ও উন্নয়ন শাখা

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত

৫.১	বই প্রকাশনা ও প্রচার-প্রচারনা	i) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনের খসড়া প্রস্তুত করা হয়েছে। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এর নির্দেশনা মোতাবেক খসড়াটির প্রয়োজনীয় সংশোধনপূর্বক প্রেসে প্রেরণ করা হয়েছে। প্রেসকে আগামী ১ সপ্তাহের মধ্যে খসড়াটির প্রয়োজনীয় ডিজাইন সম্পন্ন করে পাঠানোর জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রেস হতে প্রয়োজনীয় ডিজাইনসহ খসড়া পেলে তা পুনরায় পর্যালোচনাপূর্বক ছাপানো হবে। ইতোমধ্যে বার্ষিক প্রতিবেদনের ১০০০ কপি ছাপানোর জন্য বাজেট নথিতে উপস্থাপন করা হয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়। **গঠিত কমিটিঃ** ১। অতিরিক্ত মহাপরিচালক - প্রধান উপদেষ্টা ২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) -আহ্বায়ক ৩। উপ-পরিচালক (প্রশাসন) - সদস্য ৪। উপ-পরিচালক (অর্থ) - সদস্য ৫। উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) - সদস্য ৬। ডাটাবেজ এডমিনিস্ট্রেটর (পরিকল্পনা ও উন্নয়ন) - সদস্য ৭। মিজ ইসমেত ফারজানা, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), সংযুক্তি: সিস্টেম ও প্রশিক্ষণ -সদস্য সচিব	i) ২০২০-২১ বছরের সার্বিক কার্যাবলী সম্বলিত বই প্রকাশের কার্যক্রম নিখুঁতভাবে এবং দ্রুত সম্পন্ন করতে হবে। **দায়িত্বঃ** ১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ২। মিজ ইসমেত ফারজানা, সহকারী পরিচালক
৫.২	ইনোভেশন	সভায় এ অধিদপ্তর সংশ্লিষ্ট ইনোভেশন বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা হয়ঃ i) ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুয়াযী অত্র অধিদপ্তরের সকল ইনোভেশন কার্যক্রম চলমান রয়েছে। ii) অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিকট হতে ২০২১-২০২২ অর্থ-বছরে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের জন্য আবেদন ১৫/০৯/২০২১ খ্রি. তারিখের মধ্যে দাখিল করতে নির্দেশনা প্রদান করা হয়েছে। আবেদন দাখিলের পর ইনোভেশন টিম কর্তৃক যাচাই-বাছাই করে চূড়ান্ত মূল্যায়ন করা হবে। iii) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কর্মকর্তাদের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ১২০ জন কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে চার (০৪) টি ব্যাচে (প্রতি ব্যাচে ৩০ জন) করে দুই (০২) দিনের প্রশিক্ষণ আগামী সেপ্টেম্বর/অক্টোবর ২০২১ মাসে ০২টি এবং জানুয়ারি/ফেব্রুয়ারি ২০২২ মাসে ০২টি আয়োজন করা হবে। ইতোমধ্যে উক্ত প্রশিক্ষণ আয়োজনের প্রশাসনিক অনুমোদন গ্রহণ করা হয়েছে।	i) ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২১-২২ অনুয়াযী অত্র অধিদপ্তরের সকল ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। ii) আইসিটি অধিদপ্তরের কার্যক্রমে গতিশীলতা আনায়নের লক্ষ্যে নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ করতে হবে। iii) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণটি সফলভাবে আয়োজন করতে হবে। **দায়িত্বঃ** ১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ২। নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (পরিকল্পনা ও উন্নয়ন)।
৫.৩	সেমিনার আয়োজন	‘স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উন্নয়নশীল দেশে উত্তরণের পথে সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ভূমিকা’ শীর্ষক সেমিনারটি আগামী ৪ অক্টোবর ২০২১ তারিখে আয়োজন করার বিষয়ে সভায় আলোচনা হয়।	‘স্বল্পোন্নত দেশ হতে বাংলাদেশের উন্নয়নশীল দেশে উত্তরণের পথে সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ভূমিকা’ শীর্ষক সেমিনারটি ৪ অক্টোবর ২০২১ তারিখে আয়োজন করা যেতে পারে। দায়িত্ব : পরিকল্পনা ও উন্নয়ন শাখা

৫.৪	আর এন্ড ডি অধিশাখা গঠন	আর এন্ড ডি অধিশাখায় কোন শাখার অধীনে থাকবে সে বিষয়ে সভায় বিস্তর আলোচনা হয়। পরবর্তীতে সভাপতি আর এন্ড ডি অধিশাখাকে পরিকল্পনা ও উন্নয়ন শাখার অধীনে রাখার পরামর্শ প্রদান করেন।	আইসিটি অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন শাখার অধীনে আর এন্ড ডি অধিশাখা চালু রাখা যেতে পারে। আর এন্ড ডি অধিশাখায় অতিরিক্ত দায়িত্ব দিয়ে কার্যক্রম চালু রাখতে হবে। **দায়িত্ব:** ১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

৬। সিস্টেম ও প্রশিক্ষণ শাখা

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
৬.১	ভিডিও কনফারেন্স	সভাপতি প্রতিমাসে নূন্যতম ২টি ভিডিও কনফারেন্স আয়োজন করার নির্দেশনা প্রদান করেন।	এ অধিদপ্তর কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠান, দিবস, CAMS, সুরক্ষা সফটওয়্যার ও প্রকল্প বিষয়ে প্রতিমাসে নূন্যতম ২টি ভিডিও কনফারেন্স আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে। **দায়িত্ব:** ১। সিস্টেম ম্যানেজার ২। জনাব মুহাম্মদ আলমগীর ফারুক চৌধুরী, মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার
৬.২	বিভিন্ন সেমিনার/কর্মশালা বিষয়ক তথ্য সংরক্ষণ ও সরবরাহ	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক আয়োজিত প্রতিটি সেমিনার/কর্মশালার বিস্তারিত তথ্য/ডাটাব্যাংক সংরক্ষণ ও সরবরাহ জন্য সিস্টেম ও প্রশিক্ষণ শাখাকে নির্দেশনা প্রদান করা হয়।	সিস্টেম ও প্রশিক্ষণ শাখা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক আয়োজিত প্রতিটি সেমিনার/কর্মশালার বিস্তারিত তথ্য/ ডাটাব্যাংক সংরক্ষণ ও সরবরাহ করার উদ্যোগ গ্রহণ করবে। **দায়িত্ব:** সিস্টেম ও প্রশিক্ষণ শাখা
৬.৩	আইসিটি অধিদপ্তরের সফটওয়্যার/ ToR সংক্রান্ত	ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ) সভাকে জানান যে, ট্রেনিং ডাটাবেস প্লাটফর্মের ২য় ভার্সনের জন্য ToR তৈরির কার্যক্রম চলমান রয়েছে। **গঠিত কমিটি:** ১) সিস্টেম ম্যানেজার -আহ্বায়ক ২) জনাব মোঃ সুলতান মাহমুদ, ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর -সদস্য ৩) জনাব আব্দুল্লাহ আল রহমান, প্রোগ্রামার-সদস্য ৪) জনাব মোঃ গোলাম মাহবুব, প্রোগ্রামার -সদস্য ৫)জনাব মোঃ শরীফুল ইসলাম, সহকারী পরিচালক(অর্থ)-সদস্য ৬) সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা -সদস্য ৭) জনাব আনজুম রিয়াসত, সহকারী প্রোগ্রামার-সদস্য ৮)জনাব মুহাম্মদ আলমগীর ফারুক চৌধুরী, মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার -সদস্য সচিব	ট্রেনিং ডাটাবেস প্লাটফর্মের ২য় ভার্সনের জন্য ToR তৈরির কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। **দায়িত্বঃ** ১। সিস্টেম ম্যানেজার (সিস্টেম ও প্রশিক্ষণ) ২। জনাব মুহাম্মদ আলমগীর ফারুক চৌধুরী, মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার

৭। অনুষ্ঠান/উৎসবাদি

ক্রম.	আলোচ্য বিষয়		আলোচনা	সিদ্ধান্ত
৭.১		১০০+ কৌশল বাস্তবায়ন	মুজিব বর্ষে ১০০+ কৌশল বাস্তবায়ন উপলক্ষে অত্র অধিদপ্তরের নিম্নবর্ণিত ৪টি কার্যক্রমের প্রস্তাবনা ছিলঃ ১। তথ্যপ্রযুক্তি ভিত্তিক মানবসম্পদ উন্নয়ন ২। ১০০+ ব্যাচ ল্যাবের শিক্ষার্থীদের আইসিটি বিষয়ক প্রশিক্ষণ ১০০+ হাজার ৩। ছাত্র/ছাত্রীদের প্রোগ্রামিং প্রশিক্ষণ-১০০+ হাজার ৪। সাধারণ বিদ্যালয়কে স্মার্ট বিদ্যালয়ে রূপান্তর-১০০+ বিদ্যালয় কোভিড-১৯ প্রেক্ষাপটে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় প্রশিক্ষণ প্রদান সম্ভব হচ্ছে না মর্মে সভায় আলোচনা হয়।	কোভিড-১৯ পরিস্থিতি স্বাভাবিক হলে শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান কার্যক্রম শুরুর উদ্যোগ গ্রহণ করতে হবে।

	মুজিব বর্ষ ২০২০-২১ উদ্‌যাপন	'ডিজিটাল প্লাটফর্মে মুজিব' শীর্ষক কার্যক্রম	সভায় 'ডিজিটাল প্লাটফর্মে মুজিব' শীর্ষক কার্যক্রম বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা হয়ঃ i) 'ডিজিটাল প্লাটফর্মে মুজিব' শীর্ষক কার্যক্রমের প্রতিযোগিতাসমূহের মধ্যে "অনলাইন কুইজ" প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণ সম্পন্ন হয়েছে। ii) স্বল্প-দৈঘ্য চলচিত্র প্রতিযোগিতায় অংশগ্রহণের সময় গত ৩১/০৮/২০২১ খ্রি. তারিখে সম্পন্ন হয়েছে। প্রাপ্ত ভিডিওসমূহ বিচারক প্যানেল কর্তৃক যাচাই-বাছাই কর্যক্রম চলমান রয়েছে। যাচাই-বাছাইপূর্বক ১০ জন প্রতিযোগিকে বিজয়ী ঘোষনা করা হবে। iii) এনিমেশন ভিডিও: গত ২৫/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় নির্দেশনা মোতাবেক টেকনিক্যাল কমিটি কর্তৃক আইসিটি অধিদপ্তর কর্তৃক নির্মিত ১০টি এনিমেশন ভিডিও-এর পুনর্বিন্যাসকরণের কার্যক্রম চলমান রয়েছে। iv) অডিও বুক: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নিজস্ব লেখা ৩ টি বইয়ের (অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা এবং আমার দেখা নয়া চীন) সমন্বয়ে একটি অডিও বুক Apps প্রস্তুত করা হয়েছে। অডিও বুকটি ওয়েব সাইটের মাধ্যমে প্রকাশ করা হয়েছে এবং ইউটিউব চ্যানেলে নিয়মিতভাবে প্রচার কার্যক্রম চলমান রয়েছে। v) এছাড়া বঙ্গবন্ধু প্রতিদিন/এই দিনে, ডিজিটাল কার্ড এগুলো নিয়মিতভাবে আইসিটি অধিদপ্তর এবং আইসিটি বিভাগের ফেইজবুক, জন্মশত বার্ষিকীর পেইজে প্রচার করা হচ্ছে মর্মে সভায় আলোচনা হয়।	i) 'ডিজিটাল প্লাটফর্মে মুজিব' শীর্ষক প্রতিযোগিতাসমূহের তথ্য উদ্‌যাপন কমিটির সবাইকে অবহিত করতে হবে। ii) স্বল্প দৈঘ্য চলচিত্র প্রতিযোগিতার কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। iii) আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় নির্দেশনা মোতাবেক আইসিটি অধিদপ্তর কর্তৃক নির্মিত ১০টি এনিমেশন ভিডিও-এর পুনর্বিন্যাসকরণের কার্যক্রম দ্রুত এবং সঠিকভাবে সম্পন্ন করতে হবে। iv) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নিজস্ব লেখা বইয়ের সমন্বয়ে প্রস্তুতকৃত অডিও বুকটির ইউটিউব চ্যানেলে প্রচার চলমান রাখতে হবে এবং কার্যক্রম তদারকি করতে হবে। v) বঙ্গবন্ধু প্রতিদিন, ডিজিটাল কার্ডসহ অন্যান্য বিষয়গুলোর আইসিটি বিভাগ ও আইসিটি অধিদপ্তরের ফেইজবুক পেইজ এবং জন্মশত বার্ষিকীর পেইজে প্রচার কার্যক্রম নিয়মিতভাবে মনিটরিং করতে হবে। **দায়িত্বঃ** ১। উপ-পরিচালক (প্রশাসন) ২। সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা।

		‘শত মনে বঙ্গবন্ধু’ শীর্ষক সাক্ষাতকারধর্মী ডকুমেন্টারি তৈরি কার্যক্রম	‘শত মনে বঙ্গবন্ধু’ শীর্ষক সাক্ষাতকারধর্মীডকুমেন্টারি তৈরি কার্যক্রমের নিমিত্ত২০২১-২২ অর্থ বছরে বাজেট চাহিত আইসিটি বিভাগ কর্তৃক অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হলে অর্থ মন্ত্রনালয় হতে উক্ত কার্যক্রমের জন্য জাতীয় উদ্‌যাপন বাস্তবায়ন কমিটির অনুমতি গ্রহণের নির্দেশনা প্রদান করে তদ্‌প্রেক্ষিতে আইসিটি বিভাগ গত ১৩/০৬/২০২১ তারিখে জাতীয় উদ্‌যাপন বাস্তবায়ন কমিটির নিকট পত্র প্রেরণ করেছে। ইতোমধ্যে জাতীয় উদ্‌যাপন বাস্তবায়ন কমিটি আইসিটি বিভাগকে সুপারিশ করেছে এবং সে অনুযায়ী আইসিটি বিভাগ বাজেট চাহিত অর্থ বিভাগে পত্র প্রেরণ করেছে। অদ্যবদি বাজেটে বিষয়ে কোন অগ্রগতি পাওয়া যায়নি। আইসিটি বিভাগের নির্দেশনা মোতাবেক অত্র অধিদপ্তর পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে মর্মে সভায় আলোচনা হয়।	আইসিটি বিভাগের নির্দেশনা অনুযায়ী ‘শত মনে বঙ্গবন্ধু’ শীর্ষক সাক্ষাতকারধর্মীডকুমেন্টারি তৈরির পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

৭.২	ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১	সভায় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা হয়ঃ i) ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২১ এর মনোনয়ন/আবেদনপত্র দাখিলের সময় গত ২৭/০৮/২০২১ তারিখে সমাপ্ত হয়েছে। হার্ড কপিতে প্রাপ্ত আবেদনসমূহ অনলাইনে এন্ট্রির কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ii) ইতোমধ্যে নিম্নোক্ত প্রচার মাধ্যমে ব্যাপক প্রচার করা হয়েছে। অনলাইন পত্রিকা: * bdprotidin.com * kalerkantho.com * bd24live.com * bdnews24.com * banglanews24.com স্যাটেলাইট টেলিভিশন: ১। চ্যানেল আই ২। এটিএন বাংলা ৩। জিটিভি ৪। একাত্তর টিভি ৫। ইনডিপেনডেন্ট টিভি জাতীয় সংবাদ পত্র: ১। বাংলাদেশ প্রতিদিন ২। The Daily Star এছাড়াও আইসিটি বিভাগ ও আইসিটি অধিদপ্তরের অফিসিয়াল পেজ যথাক্রম ictd.gov.bd এবং doict.gov.bd এর মাধ্যমেও প্রচার করা হয়েছে। iii) কেন্দ্রীয় বাছাই কমিটি কর্তৃক গঠিত (পুরস্কার সংক্রান্ত কারিগরি উপ-কমিটি এবং মনোনয়ন/আবেদনপত্র প্রথমিক যাচাই-বাছাই সংক্রান্ত উপ-কমিটি) এর মাধ্যমে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের এর কার্যক্রম চলমান রয়েছে। এবং উক্ত কমিটিকে সার্বিকভাবে সহযোগিতা প্রদানের জন্য প্রধান কার্যালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে একটি টিম গঠন করার নির্দেশনা প্রদান করেন। iv) সভাপতি অত্র অধিদপ্তরের জেলা/উপজেলা পর্যায়ে ডিজিটাল বাংলাদেশ দিবসের যেসকল কার্যক্রম পরিচালনা করা হবে তার বিভাগভিত্তিক মনিটরিং এর দায়িত্ব ইতোপূর্বে বিভাগভিত্তিক দায়িত্বপ্রাপ্ত ৮জন কর্মকর্তাকে প্রদানের নির্দেশনা প্রদান করেন।	i) কেন্দ্রীয় বাছাই কমিটি কর্তৃক গঠিত (পুরস্কার সংক্রান্ত কারিগরি উপ-কমিটি এবং মনোনয়ন/আবেদনপত্র প্রথমিক যাচাই-বাছাই সংক্রান্ত উপ-কমিটি) এর মাধ্যমে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইয়ের এর কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে। ii) জাতীয় পর্যায়ে ও জেলা পর্যায়ে পুরস্কার প্রদানের নিমিত্ত পুরস্কার সংক্রান্ত কারিগরি উপ-কমিটি এবং মনোনয়ন/আবেদনপত্র প্রথমিক যাচাই-বাছাই সংক্রান্ত উপ-কমিটি কে সার্বিকভাবে সহযোগিতা প্রদানের জন্য প্রধান কার্যালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে একটি টিম গঠন করতে হবে। iii) ইতোপূর্বে বিভাগভিত্তিক দায়িত্বপ্রাপ্ত ৮জন কর্মকর্তা ডিজিটাল বাংলাদেশ দিবসে জেলা/উপজেলা পর্যায়ে পরিচালিত সকল কার্যক্রম মনিটরিং এর দায়িত্ব পালন করবেন। **দায়িত্ব:** ১। প্রথমিক যাচাই-বাছাই সংক্রান্ত উপ-কমিটি ২। বিভাগভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ ৩। সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা।

৭.৩	শেখ রাসেল দিবস	i) আইসিটি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় গত ২৯/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় ১৮ অক্টোবর তারিখ-কে 'শেখ রাসেল দিবস' হিসেবে প্রতিপালনের জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। ইতোমধ্যে অর্থ বরাদ্দের জন্য রিভাইজ বাজেট বিভাগে প্রেরণ করা হয়েছে, দরপত্র প্রক্রিয়া শুরু করা হয়েছে এবং ৩টি জাতীয় পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হয়েছে মর্মে সভাকে জানানো হয়। ii) 'শেখ রাসেল দিবস' উদযাপন করার জন্য অধিদপ্তরের ফোকাল্ট পয়েন্ট কর্মকর্তা হিসেবে পরিচালক (অর্থ ও প্রশাসন)-কে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করেন।	i) সরকার ১৮ অক্টোবর তারিখ-কে 'শেখ রাসেল দিবস' 'ক' শ্রেণিভুক্ত জাতীয় দিবস হিসেবে ঘোষণা করায় সবগুলো মন্ত্রণালয় ও আইসিটি বিভাগের সাথে সমন্বয়পূর্বক যথাযথভাবে পালন করতে হবে। ii) 'শেখ রাসেল দিবস' উদযাপনে আইসিটি অধিদপ্তরের ফোকাল্ট পয়েন্ট কর্মকর্তা হিসেবে পরিচালক (অর্থ ও প্রশাসন) দায়িত্ব পালন করবেন এবং বিষয়টি আইসিটি বিভাগকে পত্র প্রেরণ করে অবগত করতে হবে। **দায়িত্বঃ** ১। পরিচালক (অর্থ ও প্রশাসন) ২। উপ-পরিচালক (প্রশাসন) ৩। সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা।

৮। বিবিধ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
৮.১	অধিদপ্তরের পদ সংরক্ষণ ও স্থায়ীকরণ এবং কর্মকর্তা/কর্মচারীদের চাকুরী স্থায়ীকরণ	i) চেকলিস্ট ও তথ্যাদি প্রদানপূর্বক আইসিটি অধিদপ্তরের ৬৬১ ও ৬৪ টি পদ সংরক্ষণের নিমিত্ত ভিন্ন ভিন্ন ২টি পত্র আইসিটি বিভাগ হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়। ii) সংরক্ষণ কার্যক্রম সম্পন্নের পর পরবর্তীতে পদগুলো স্থায়ীকরণ করার জন্য প্রস্তাব প্রেরণ করা যেতে পারে।	অত্র অধিদপ্তরের পদ সংরক্ষণ ও স্থায়ীকরণের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। **দায়িত্বঃ** ১। উপ-পরিচালক (প্রশাসন) ২। সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার (প্রশাসন)

৮.২	অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের ডাটাবেজ (পিডিএস)তৈরি ও রক্ষণাবেক্ষণ	i) ওয়েববেইজড পার্সোনাল ডাটাশিট (PDS) সফটওয়্যারটিতে তথ্যও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীরতথ্য আপডেটের জন্য সকলকে পত্র প্রেরণ করা হয়েছে এবং ইতোমধ্যে ৪৮৯ জন কর্মকর্তা/কর্মচারী তথ্য দিয়েছেন। এ সংক্রান্ত বিষয়ে গত ০৭/০৮/২০২১ তারিখে সিস্টেম ম্যানেজারের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে সভায় আলোচনা হয়। ii) অধিদপ্তরের সার্ভারে হোস্টিং এর নিমিত্ত VMWare সফটওয়্যার ক্রয়ের নিমিত্ত টেন্ডার আহ্বান করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়েছে। **গঠিত কমিটি:** ১। সিস্টেমস ম্যানেজার - আহ্বায়ক ২। নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (পরিকল্পনা ও উন্নয়ন) – সদস্য ৩। ওয়েবসাইট এডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ) – সদস্য ৪। সহকারী পরিচালক (প্রশাসন)–সদস্য ৫। জনাব এস, এম, আইনুল ইসলাম, সহকারী প্রোগ্রামার- সদস্য ৬। জনাব হাবিবুল্লাহ, সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, ফুলপুর, ময়মনসিংহ- সদস্য ৭। সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার (প্রশাসন) – সদস্য সচিব কমিটি প্রয়োজনে এ বিষয়ে সংশ্লিষ্ট যে কোনও ব্যক্তিকে এর সদস্য হিসেবে কোঅপ্ট করতে পারবে।	ওয়েববেইজড পার্সোনাল ডাটাশিট (PDS) সফটওয়্যারটিতে তথ্যও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীরতথ্য আপডেট ও সফটওয়্যারটি হোস্টিং কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। **দায়িত্বঃ** ১। নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (পরিকল্পনা ও উন্নয়ন) ২। ওয়েবসাইট এডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ) ৩। মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (সিস্টেম ও প্রশিক্ষণ)
৮.৩	আইসিটি অধিদপ্তরের নেটওয়ার্ক আধুনিকায়ন সংক্রান্ত	সিস্টেম ম্যানেজার সভাকে জানান যে, অত্র অধিদপ্তরের বর্তমান নেটওয়ার্কের অবস্থা অত্যন্ত দুর্বল/নাজুক ইতোমধ্যে নেটওয়ার্ক আধুনিকায়ন করার নিমিত্ত নথি উপস্থাপন করা হয় এবং মহাপরিচালক মহোদয়ের অনুমোদন পাওয়া গিয়েছে। সিস্টেম ও প্রশিক্ষণ শাখা হতে ইউ.ও নোট প্রদানের মাধ্যমে অর্থ শাখাকে ক্রয় কার্যক্রমের উদ্যোগ গ্রহণের অনুরোধ জানানো হয়েছে। তিনি উল্লেখ করেন যে, ২০২১-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী আইসিটি অধিদপ্তরের নেটওয়ার্ক আধুনিকায়ন করার বাধ্যবাধকতা রয়েছে। উল্লেখ	আইসিটি অধিদপ্তরের নেটওয়ার্ক আধুনিকায়নের নিমিত্ত আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে টেন্ডার আহ্বায়ন করতে হবে। **দায়িত্ব:** সিস্টেম ও প্রশিক্ষণ শাখা

৮.৪	আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ/ নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত	মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ এর সাথে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রকল্পের বিষয়ে গত ১২ এপ্রিল ২০২১ তারিখ ২৩তম মতবিনিময় সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সংশ্লিষ্ট সিদ্ধান্ত সমূহের নিম্নরূপ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়ঃ **১। Digitalizations of Islands, Bill and Haor area:** **সিদ্ধান্ত** ২.৪(ক) উচ্চগতির ইন্টারনেট নিশ্চিতকরণে এ প্রকল্পের মাধ্যমে যে সকল স্থানে আইসিটি অবকাঠামো নেই সে সকল স্থানে নতুন অবকাঠামো তৈরি করতে হবে। ২.৪(খ) এ প্রকল্পের মাধ্যমে যে সকল স্থানে আংশিক অবকাঠামো রয়েছে সে সকল স্থানে অবকাঠামোগুলোর উন্নয়ন ও আধুনিকীকরণ করতে হবে। **বাস্তবায়ন অগ্রগতি** i) প্রকল্পের Feasibility Study এর ১ম পর্যায় কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ২য় পর্যায় এর কার্যক্রম চলমান রয়েছে। ii) আইসিটি বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে ও ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব মহোদয়ের উপস্থিতিতে প্রকল্প এলাকায় দ্বৈততা পরিহারের লক্ষ্যে সভা অনুষ্ঠিত হয়েছে। **২। কোভিড-১৯ ভ্যাকসিন ম্যানেজমেন্ট সিস্টেম 'সুরক্ষা' প্ল্যাটফর্ম** **সিদ্ধান্ত** ২.৬ (ক) স্বাস্থ্য অধিদপ্তর এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর পারস্পরিক সহযোগিতার মাধ্যমে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করবে। ২.৬ (খ) আইসিটি বিভাগ কর্তৃক সিস্টেম তৈরি করে স্বাস্থ্য মন্ত্রণালয়কে হস্তান্তর করতে হবে। ২.৬ (গ) কোভিড-১৯ ভ্যাকসিনের দুটি ডোজ সম্পন্ন হওয়ার পর বর্তমানে শুধু ভ্যাকসিন সার্টিফিকেট প্রদান করতে হবে এবং ভ্যাকসিন/হেলথ/ইমিউন পাসপোর্ট সম্পর্কে WHO, IATA (International Air Transport Association) ও বহির্বিশ্বের দেশগুলোর কার্যক্রম অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। **বাস্তবায়ন অগ্রগতি** ১। খাদ্য মন্ত্রণালয়ের অধীন, খাদ্য অধিদপ্তরের খাদ্য বান্ধব কর্মসূচীর পাইলটিং কার্যক্রম চলমান রয়েছে। ২। খাদ্য অধিদপ্তরের খাদ্য বান্ধব কর্মসূচীর পাইলটিং কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় কর্মপরিকল্পনা, NID verification, Hosting server, SMS/OTP service এবং software service maintanence & upgradation এর প্রাক্কলিত বাজেট পাঠানো হয়েছে এবং পরবর্তী সভা সম্পন্ন হয়েছে। Surokkha: ১. ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ২৫ বছর এবং তদূর্ধ্ব সকল নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। ২। এই পর্যন্ত মোট নিবন্ধনঃ প্রায় ৪ কোটি ৩। নিবন্ধন কার্যক্রম অগ্রাধিকার ভিত্তিতেঃ • চিকিৎসা শিক্ষা সংশ্লিষ্ট বিষয়ে ছাত্র ছাত্রী • বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছাত্রী • সম্মুখ সারির আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী • বিদেশগামী বাংলাদেশি কর্মী • গণটিকা কার্যক্রম চলমান রয়েছে।	মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টার সাথে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং আওতাধীণ দপ্তর/সংস্থাসমূহের কার্যক্রম সম্পর্কিত সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ গুরুত্বসহকারে পর্যালোচনা ও বাস্তবায়ন করতে হবে। **দায়িত্ব:** ১।সিস্টেমস্ ম্যানেজার ২। জনাব তাসনোভা চৌধুরী, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা

৯। সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে তাঁদের দায়িত্ব যথাযথভাবে সঠিক সময়ে বাস্তবায়ন করা এবং আগামী মাসের মাসিক সমন্বয় সভার পূর্বেই বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রদানের অনুরোধ জানান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ. বি. এম. আরশাদ হোসেন
মহাপরিচালক

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.০৬.০৩২.১৮.৯৭৬

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮
৩০ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তাগণ

২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪) ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)

৫) জনাব ....

মোঃ ফিরোজ সরকার
উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)